ISSN : 2582-3841 (O)
2348-487X (P)

# এবং প্রান্তিক

*Ebong Prantik*

বর্ষ ১০, সংখ্যা ২৪, সেপ্টেম্বর, ২০২৩

Ebong Prantik
*A Peer-Reviewed Multi-Disciplinary Academic Journal*
*SJIF Approved Impact Factor : 8.111*
*[ISSN : 2582-3841(O), 2348-487X(P)],*
*Published & Edited by Dr. Ashis Roy, Chandiberiya, Saradapalli, Kestopur, Kolkata - 700102, and*
*Printed by Ananya, Burobattala, Sonarpur, Kolkata - 150,*
*Vol. 10th Issue 24th, 25th Sept., 2023, Rs. 850/-*
E-mail : ebongprantik@gmail.com
Website : www.ebongprantik.in

প্রকাশ
১০ ম বর্ষ ও ২৪ তম সংখ্যা
২৫ সেপ্টেম্বর, ২০২৩

ISSN : 2582-3841 (Online)
2348-487X (Print)
DOI : 10.5281/zenodo.5517966

কপিরাইট
সম্পাদক, এবং প্রান্তিক

প্রকাশক
এবং প্রান্তিক
আশিস রায়
রেজিস্টার্ড অফিস
চণ্ডিবেড়িয়া, সারদাপল্লী, পোঃ - কেষ্টপুর, কলকাতা - ৭০০ ১০২
ফোন - ৯৮০৪৯২৩১৮২

সার্বিক সহয়তা - সৌরভ বর্মন
ফোন - ৮২৫০৫৯৫৬৪৭

মুদ্রণ : অনন্যা
বুড়ো বটতলা, সোনারপুর, কলকাতা - ৭০০ ১৫০
ফোন - ৯১৬৩৯৩১৪৬৫

মূল্য : ৮৫০ টাকা

ধর্মীয় কুসংস্কারের আলোকে 'দেবী' গল্প
*সিলভিয়া সুলতানা* ১০৬
'Free Style' : শিল্পীর জন্ম ও একটি উপন্যাস
*নুনম মুখোপাধ্যায়* ১১৪
পশ্চিমবঙ্গের রাজনৈতিক হিংসা, সন্ত্রাস ও দুর্বৃত্তায়নের অতীত
বর্তমান ও ভবিষ্যৎ : একটি ধারাবাহিক পর্যালোচনা
*জয়ন্ত কুমার বর্মন* ১২২
সুকুমারী ভট্টাচার্যের প্রবন্ধে বৈদিক প্রসঙ্গ
*সুস্মিতা ঘোষ* ১৩২
কান্তারা; একটি পরিবেশ চেতনা ও আদিবাসী চৈতন্যের গল্প
*প্রকাশ বিশুই* ১৪১
আধুনিকতা, উত্তর-আধুনিকতা এবং জীবনানন্দ দাশের
পঁচিশ বছর পরে কবিতাটির একটি ভিন্ন পাঠ
*মনস্বিতা মণ্ডল* ১৫০
জন সেবাব্রতী সুরেশচন্দ্র মিত্র (১৮৭২-১৯৪৩)
*কৃষ্ণ কুমার সরকার* ১৫৬
প্রসঙ্গ বাংলা মঙ্গলকাব্যে শৈশব : কৃষ্ণ কেন্দ্রিক
শৈশবের সৃষ্টি ও পুনঃসৃষ্টি
*আবুল হোসেন আনসারী* ১৬৬
রবীন্দ্রনাথের ভাবনায় সমবায় ও গ্রামোন্নয়ন
*জয়দীপ ঘোষাল* ১৭৩
শচীন্দ্রনাথ সেনগুপ্তের গৈরিক পতাকা : দেশপ্রেম
*সৈয়দ রাফিকা সুলতানা* ১৭৭
সেকালের কাশিমবাজার বন্দর ও বাংলার অর্থনৈতিক-সংস্কৃতি :
একটি ঐতিহাসিক সমীক্ষা
*অরিন্দম মণ্ডল* ১৮৫
রবীন্দ্র-কাব্যে প্রণয়ের স্বরূপ
*সুনন্দা মিত্র* ১৯৩

# 'Free Style' : শিল্পীর জন্ম ও একটি উপন্যাস

নুনম মুখোপাধ্যায়
গবেষক, বাংলা বিভাগ,
কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়

**সারসংক্ষেপ (Abstract) :** বাংলা সাহিত্যে বৈচিত্র্যময় ধারাগুলি নিয়ে উপন্যাস লেখা হলেও শিল্প বা নৃত্যকেন্দ্রিক উপন্যাসের সংখ্যা নগণ্য। মহাশ্বেতা দেবীর 'মধুরে মধুর' উপন্যাসে প্রেম মনস্তত্ত্বের পাশাপাশি শিল্পের একটি বিশেষ শাখা 'নৃত্য' সার্বিকভাবে বিকাশ লাভ করেছে। নৃত্য বলতে প্রথমেই ভরতনাট্যম, মণিপুরীর মতো শাস্ত্রীয় নৃত্যগুলির কথাই স্মরণে আসে। কিন্তু মহাশ্বেতা দেবীর উপন্যাসটিকে সঠিক বিশ্লেষণ করলে দেখা যাবে হাজারো নাচের ভঙ্গিমা জুড়ে জুড়ে আদতেই জন্ম হয়েছে নতুন এক সৃজনশীল নৃত্যধারার। যেখানে লোকনৃত্য, শাস্ত্রীয় নৃত্য, পুতুল নাচ এমনকী দৈনন্দিন কর্মমুখর জীবনের যাপনচিত্রও মিলেমিশে একাকার হয়ে গেছে। free style dance form যেমন তিলে তিলে বিকাশ লাভ করেছে তেমনই ভারতবর্ষের বুকে ছড়িয়ে ছিটিয়ে থাকা নতুন নতুন নৃত্যধারাকে জীবনের ঝড় ঝাপটার মধ্য দিয়ে আয়ত্ত করতে গিয়ে একদিকে আত্মপ্রকাশ করেছে আবার অপর দিকে হারিয়েও গেছে বহু শিল্পী। কখনো শিল্পীর সাথে শিল্প একাত্ম হয়ে গেছে, কখনো সম্মিলিত অনুশীলন, অধ্যবসায় জন্ম দিয়েছে নতুন ট্রুপের। আলোচ্য প্রবন্ধে 'মধুরে মধুর' উপন্যাসের নির্যাস থেকে একটি বিশেষ ধারা হিসাবে সৃজনশীল নৃত্য কীভাবে প্রতিষ্ঠা লাভ করেছে এবং সমান্তরালে ব্যক্তি সাধনের অপরাজেয় জীবন-যুদ্ধে তাঁর শিল্পী তথা নৃত্য পরিকল্পক হয়ে ওঠার যাত্রাপথ অনুসন্ধান করা হয়েছে।

**সূচক শব্দ (Key word) :** Free style, মণিপুরী, ভরতনাট্যম, কাঠ পুতুল নাচ, জারি, সারি, জিপসি, নিউ ট্রুপ, হাঁসুলি, 'ব্রহ্ম রসো বৈ সঃ', 'রুসালী মাধব', 'কাঁহি চরাবত গাবইয়া'

**মূল আলোচনা (Discussion) :**

অধিকাংশ বাঙালিই বিশ্বায়নের দৌলতে free style শব্দদ্বয়ের সঙ্গে বিশেষ ভাবে পরিচিত। কিন্তু অধিকাংশই জানেন না ফ্রি স্টাইল আদতে কী। অনেকে মনে করেন এটি ভারতীয় নৃত্যগুলোর মতোই এক বিশেষ প্রকার নাচ। যেমন ভরতনাট্যম, কথাকলি, ছৌ কিংবা ঝুমুর, হিপ্ হপ্ কিংবা সালসা— তেমনই ফ্রি স্টাইল। এই নাচ আসলে কোনো চিরাচরিত নৃত্যধারা নয়। আবার অনেকে মনে করেন ফ্রি স্টাইল মানে যেমন খুশি নাচো। তাও একেবারেই নয়। ফ্রি স্টাইল আসলে যুগের সঙ্গে, গানের সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে অনেকগুলি আসল ডান্স ফর্মের একত্র সমাবেশ। যিনি এই